

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

### আরবী

وَعَنْ قُرَّةَ الْمُزَنِيِّ: أَنَّ رَجُلًا كَانَ يَأْتِي النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَهُ ابْنُ لَهُ. فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَبَّكَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَبَّكَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَبَّكَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «مَا فَعَلَ ابْنُ فُلَانٍ؟» قَالُوا: يَا اللَّهُ كَمَا أُحِبُّهُ. فَفَقَدَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «مَا فَعَلَ ابْنُ فُلَانٍ؟» قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَاتَ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَمَّا تحب أَلا تَأْتِي بَابًا مِنْ أَبُولُكَ؟» فَقَالَ رَجُلُّ: يَا رَسُولَ اللَّهِ لَهُ خَاصَّةً أَمْ لِكُلِّنَا؟ قَالَ: «بَلْ لِكُلِّنَا؟ قَالَ: «بَلْ لِكُلِّنَا؟ قَالَ: «بَلْ لِكُلِّنَا؟ قَالَ: وَبُدْ لِكُلِّنَا؟ قَالَ: «بَلْ لِكُلِّكُمْ» . رَوَاهُ أَحْمد

#### বাংলা

১৭৫৬-[৩৫] কুররাহ্ আল মুযানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি তার ছেলেকে সঙ্গে করে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসতেন। তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) তাকে বললেন, তুমি কি তোমার ছেলেকে বেশী ভালবাসো? সে ব্যক্তি বলল, হে আল্লাহর রসূল! আল্লাহ তা'আলা আপনাকে ভালবাসেন যেমনভাবে আমি তাকে ভালবাসি। (কিছু দিন পর একদিন নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম ছেলেটিকে তার পিতার সাথে দেখতে পেলেন না।) তিনি জিজ্ঞেস করলেন, অমুক ব্যক্তির সন্তানের কি হলো? সাহাবীগণ বললেন, হে আল্লাহর রসূল! তার ছেলেটি মারা গেছে। (এরপর ওই ব্যক্তি উপস্থিত হলে) রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি এ কথা পছন্দ করো না যে, তুমি (কিয়ামতের (কিয়ামতের) দিন) জান্নাতের যে দরজাতেই যাবে, সেখানেই তোমার সন্তানকে তোমার জন্য অপেক্ষারত দেখবে? এক ব্যক্তি আর্য করল, হে আল্লাহর রসূল! এ শুভসংবাদ কি শুধু এ ব্যক্তির জন্য নির্দিষ্ট, না সকলের জন্য? তিনি বললেন, সকলের জন্য। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ১৮৭০, আহমাদ ১৫৫৯৫, সহীহ আত্ তারগীব ২০০৭।



#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস দ্বারা এ কথা প্রতীয়মান হয় যে, কোন মু'মিন ব্যক্তির নাবালেগ সন্তান মারা গেলে সে সন্তান তার পিতা-মাতাকে জান্নাতে প্রবেশ করানোর জন্য জান্নাতের দরজায় অপেক্ষা করবে। অতঃপর সে তার পিতা-মাতার জন্য সুপারিশ করবে এবং সে পিতা-মাতার সাথে জান্নাতে প্রবেশ করবে।

আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, এর অর্থ হল সে তার পিতা-মাতাকে জান্নাতে প্রবেশ করানোর জন্য চাবি হয়ে অপেক্ষমাণ থাকবে।

এ হাদীসটি মুসনাদে আহমাদে বর্ণিত আছে। আল্লামা হায়সামী (রহঃ) বলেন, এর সানাদটি সহীহ। হাদীসটি সুনানে নাসায়ীতেও বর্ণিত হয়েছে।

হাফিয ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, হাদীসটির সানাদ সহীহ। এ ছাড়াও মুসতাদরাকে হাকিম, বায়হাকী ও ইবনু আবী শায়বাহ প্রমুখ হাদীসের কিতাবেও সহীহ সানাদে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন